



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
dss.nandail.mymensingh.gov.bd

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.৩৪.০০১.২১.৩৫

বিষয়: প্রতারক উদ্যোক্তার নগদ হিসেবের কেওয়াইসিসহ বিস্তারিত তথ্য প্রদান প্রসঙ্গে।

প্রতারক উদ্যোক্তার নগদ হিসেবের কেওয়াইসিসহ বিস্তারিত তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছর হতে ভাতাভোগীর হিসেব নম্বরে অর্থ আসার সাথে সাথে বা একদিন পূর্বে বা একদিন পরে উপজেলা কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহের কর্মকর্তা বা কর্মচারীর পরিচয় দিয়ে ভাতাভোগীর ফোন নম্বরে ফোন দিয়ে পিন নম্বর সংগ্রহ করে বা ভাতাভোগীর ফোন নম্বরে নগদ সংশ্লিষ্ট একটি ক্ষুদে বার্তা পাঠিয়ে otp সংগ্রহ করে ভাতাভোগীর অজান্তে তার নগদ হিসেব নম্বরে আসা অর্থ স্বয়ংক্রিয়ভাবে ক্যাশ আউট বা p2p সেন্ট মানি করে নেওয়া হচ্ছে। ভাতাভোগীর ফোন নম্বরে ফোন দিয়ে বা ক্ষুদে বার্তা পাঠিয়ে সহজ-সরল অসহায় ভাতাভোগীর অজান্তে স্বয়ংক্রিয়ভাবে অর্থ ক্যাশ আউট বা p2p সেন্ট মানি করে নেওয়ার বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে বিব্রতকর পরিস্থিতিতে ফেলেছে। অত্র উপজেলার ৪৫,০০০ হাজার ভাতাভোগীর যে সমস্ত মোবাইল নম্বর সচল রয়েছে তাদের প্রায় প্রত্যেকের ফোনে ফোন দেওয়া হয়েছে এবং এদের উল্লেখযোগ্য একটি সংখ্যার অর্থ ইতোমধ্যে হাতিয়ে নেওয়া হয়েছে।

০২। অটো ক্যাশ আউট বা ভাতাভোগীর ফোন নম্বরে ফোন দিয়ে বা ক্ষুদে বার্তা পাঠিয়ে অর্থ হাতিয়ে নেওয়ার কারণে সহজ-সরল অসহায় ভাতাভোগীর ভোগান্তি চরমে পৌঁছেছে। সমাজসেবা অধিদপ্তরের জনগুরুত্বপূর্ণ অন্যতম এই কর্মসূচীটি নানাভাবে প্রশ্নবিদ্ধ হচ্ছে। সমাজসেবা অধিদপ্তরের অর্জন স্নিয়মান করে দিচ্ছে। সময়ে সময়ে পরিবর্তিত অভিনব এ ধরনের প্রতারণা এবং তার প্রতিকার না হওয়ার কারণে উপজেলা সমাজসেবা কার্যালয় নানা প্রশ্নের সম্মুখীন হচ্ছে। বর্ণিত অভিযোগের সত্যতা নিরূপণে ভাতাভোগীর অভিযোগের প্রেক্ষিতে সংগৃহীত নিম্নবর্ণিত তথ্যাদি নমুনা হিসেবে যাচাই করা যেতে পারে-

ক্রম	এমআইএস নাম্বার	ভাতাভোগীর নাম	হিসাব/মোবাইল নম্বর	যে নাম্বারে অর্থ ক্যাশ আউট/সেন্ড মানি হয়েছে	ক্যাশ আউট/সেন্ড মানির অর্থের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৫	৬
1	03610124303	মোছাঃ আনজুমান আরা বেগম	01893359422	01888485609	৳7,695	
2	03610124312	মোছাঃ দিলোয়ারা	01893373074	01888485609	৳7,695	
3	03610129283	ফাতিহা তাসকিন নাশা	01969777554	01909825604 01610784163	৳7,695	বর্তমান হিসাবটি পরবর্তন করা হয়েছে। এ সংশ্লিষ্ট তথ্য ইতোপূর্বে দেওয়া হয়েছে।

এমতাবস্থায়, জনস্বার্থে সংশ্লিষ্ট প্রতারকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপর্যুক্ত ছকে বর্ণিত কলাম নাম্বার-৫ এ উল্লেখিত যে নাম্বারে অর্থ ক্যাশ আউট/সেন্ড মানি হয়েছে তার কেওয়াইসিসহ বিস্তারিত তথ্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



২৯-০৪-২০২৪

ইনসান আলী

উপজেলা সমাজসেবা অফিসার

নগদ কর্তৃপক্ষ, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস(নগদ), ময়মনসিংহ।


স্মারক নম্বর: ৪১.০১.৬১৭২.০০০.৩৪.০০১.২১.৩৫/১ (৯)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৩। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ;
- ৫। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
- ৬। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৭। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
- ৮। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এবং
- ৯। মহিলা ভাইস চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।





২৯-০৪-২০২৪

ইনসান আলী

উপজেলা সমাজসেবা অফিসার